বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

"গ্যাস জাতীয় সম্পদ, এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন"

নিয়োগ বিজ্ঞপ্তি

জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড(বিজিডিসিএল)-এ নিম্নবর্ণিত শূন্যপদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে অনলাইন (Online) পদ্ধতিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

ক্রমিক নং	পদের নাম	বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়স	প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	সহকারী প্রকৌশলী/ সহকারী ব্যবস্থাপক (কারিগরী)	৳ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	(১৩+০৯)=২২ [সিভিল ইঞ্জি:- ০৬ মেক্যানিক্যাল ইঞ্জি:-০৯ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং- ০৩ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জি:- ০২ কেমিক্যাল ইঞ্জি:- ০২]	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থায় ৫ বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং; খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
০২.	সহকারী ব্যবস্থাপক (সাধারণ)	৳ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	১৩	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণী/৪ বছর মেয়াদী সম্মানে ২য় শ্রেণী; খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
০৩.	সহকারী ব্যবস্থাপক (হিসাব/রাজস্ব/নিরীক্ষা)	৳ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	১৪	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) বানিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণী/সিএ(ন্যূনতম নলেজ লেভেল)/ আইসিএমএ (প্রফেশনাল লেভেল- I)/এমবিএ/ সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী সম্মানে ২য় শ্রেণী; খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
০৪.	উপ-সহকারী প্রকৌশলী	৳ ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড)	০৪ [সিভিল ইঞ্জি:- ০১ মেক্যানিক্যাল ইঞ্জি:-০১ কম্পিউটার ইঞ্জি:-০১ অটোমোবাইল ইঞ্জি:-০১]	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং; খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
০৫.	সহকারী কর্মকর্তা (কারিগরী)	৳ ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড)	০৩	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) বিএসসি ডিগ্রী; খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

চলমান পাতা-০২

০৬.	সহকারী কর্মকর্তা (সাধারণ)	৳ ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড)	০৮	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) স্নাতকোত্তর/৪ বছর মেয়াদী সম্মানে ২য় শ্রেণী অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থায় প্রশাসনিক ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী; খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
০৭.	সহকারী কর্মকর্তা (হিসাব/রাজস্ব)	৳ ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড)	০১	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর/সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী সম্মানে ২য় শ্রেণী অথবা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসমেত বি,কম; খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে; গ) কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

অনলাইন (Online)-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলী ঃ

১। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ

- পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bgdcl.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ-
  - i. Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ **২৪/০২/২০২১খ্রি., সকাল ১০.০০ ঘটিকা।**
  - ii. Online-এ আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময় ঃ **১৫/০৩/২০২১খ্রি., বিকাল ৫.০০ ঘটিকা।**
  - iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন ফরম Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

২। আবেদনের পদ্ধতি ঃ

ক. Online-এ আবেদন ফরম-এ প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

খ. Online-এ আবেদন ফরম-এ পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন ফরম Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

গ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন ফরম এর একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঘ. **SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান ঃ**

Online-এ আবেদন ফরম (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদন ফরম Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন ফরম Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy -তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুটি) SMS করে আবেদন ফি বাবদ ৳ ৬৭২.০০ (Teletalk-এর সার্ভিস চার্জসহ) অফেরৎযোগ্য অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদন ফরম এর সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন ফরম কোন অবস্থাতেই গৃহীত হবে না।

- প্রথম SMS: BGDCL<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
  Example: BGDCL ABCDEF and send to 16222.
  Reply: Applicant's Name, Post name, Tk.672.00 (Including TBL Service Charge) will be charged as Application fee. Your PIN is (8 digit number) e.g12345678.
- দ্বিতীয় SMS: BGDCL<space>Yes< space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
  Example: BGDCL Yes 12345678 and Send to 16222.
  Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BGDCL Application for <Post name>User ID is (ABCDEF) and PIN (xxxxxxxx).

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bgdcl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন ফরম এ প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পূর্ণ করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই Admit Card-টি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ. শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে ঃ BGDCL<space>Help< space>User<space> User ID & Send to 16222.
Example: BGDCL HELP USER ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে ঃ BGDCL<space>Help<space>PIN<space> PIN No.& Send to 16222.
Example: BGDCL HELP PIN 12345678 & Send to 16222.

জ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা recruitment@bgdcl.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে ও বিজিডিসিএল ওয়েবসাইট www.bgdcl.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

অন্যান্য শর্তাবলী ঃ

১। প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যোগ্য প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র/প্রমাণাদি উপস্থাপন করতে হবে।

২। সাধারণ প্রার্থী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে ৩০ বৎসরের অধিক হবে না। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড/প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট(Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৩। চাকুরীপ্রার্থীর পিতা/মাতা অথবা পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবেন যার/ যাদের নাম প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬ তারিখ ৭.১১.২০১০ মোতাবেক মুক্তিবার্তা পত্রিকায় প্রকাশিত হয়েছিল; অথবা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছিল; অথবা যারা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর স্বাক্ষরযুক্ত সনদপত্র (Certificate) গ্রহণ করেছেন। এক্ষেত্রে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সনদের/প্রমাণাদির সত্যায়িত কপি এবং চাকুরীপ্রার্থীকে মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা- মর্মে ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট প্রার্থীদের সনদ/প্রমাণাদি যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত এবং অনুসৃত সকল গেজেট/প্রজ্ঞাপন/নির্দেশনা অনুসরণীয় হবে।

৪। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন(UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অনলাইন আবেদনের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমতিপত্র গ্রহণপূর্বক মৌখিক পরীক্ষার সময় তা অবশ্যই প্রদর্শন করতে হবে।

৬। এ নিয়োগের ক্ষেত্রে সর্বশেষ সরকারি সকল প্রকার বিধি-বিধান/নির্দেশনা অনুসরণ করা হবে।

৭। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরীর বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদনপত্র নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে।

১০। কোন Appeared প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১১। কোন প্রার্থী আবেদনপত্র পূরণে কিংবা নিয়োগ কার্যক্রম চলাকালীন অথবা নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড(বিজিডিসিএল)-এর ওয়েবসাইট (www.bgdcl.gov.bd), পেট্রোবাংলার ওয়েবসাইট(www.petrobangla.org.bd) এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট (https://emrd.gov.bd)-এ প্রকাশিত হবে বিধায় চাকুরী প্রার্থীগণ উক্ত ওয়েবসাইটসমূহ নিয়মিত Visit করবেন।

১৫/২/২০২২ খ্রি:

প্রকৌশলী আবুল বাসার
মহাব্যবস্থাপক(প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব